## আবার যদি পেতাম ফিরে খন্দকার জাহিদ হাসান

ধরা পুঠে জন্মেছিলাম

সোনার চামচ মুখে নিয়ে কপাল গুণে বিবাগী মন বাধ সাধলো

রাজ্য গেল রাজপ্রাসাদে ধরলো ঘুণে, কি এক নেশায় বসলো পেয়ে

মন সারাখন থাকতো পড়ে বকুলতলায় সংসারটা ঠেকতো আজব

মাটির সঙ্গে ভাব জমালাম গলায় গলায়।

## দুর দিগত্তে উদাসী মন

হারিয়ে যেতো রাখাল ছেলের বাঁশীর টানে মাঝে মধ্যেই কাটতো সময়

তাকিয়ে থেকে ক্ষেত খামারের চাষার পানে, গেলাম বুঝে আসল কথা

জেলে তাঁতি কৃষক এরাই চালাচ্ছে দেশ রক্তচোষা রাজারা সব

যুরিয়ে ছড়ি ফাঁকতালে দিন কাটাচ্ছে বেশ।

প্রজ্ঞাপ্রাপ্ত হলাম আমি
বিষয়বস্ত নেই মনে আর এই ভুবনে
তবু কিন্ত এই মুহ্নর্তে
একটা কথা দিব্যি আমার পড়ছে মনেঃ

কখন যেন বিপুল খ্যাতি

আমায় শেষে উড়িয়ে নিলো স্বর্ণ টিলায় হায়রে আমার কৃষাণ হবার আজন্ম সাধ শেষ অবধি হাওয়ায় মিলায়!

যদিও আমার ধীমান তনয়
চাষবিদ্যা রপ্ত করলো অবলীলায়
ঐ চাষাটা হলোই না তাও
সত্যিকারের একটা চাষা কখনও হায়!
পৃথিবীটায় আরেকটি বার
আবার যদি আগের জীবন পেতাম ফিরে

পিদিমস্তক চাষা হতাম মনের সুখে চাষ করতাম নদীর তীরে।

> সিডনী, **১৫/০৬/২০২**২।